The Bangladesh Monitor - A Premier Travel Publication



ইউএস-বাংলার বহরে যুক্ত হলো নতুন এয়ারবাস ৩৩০

A Monitor Desk Report



ঢাকাঃ ইউএস-বাংলার উড়োজাহাজ বহরে যুক্ত হয়েছে তৃতীয় বৃহদাকার এয়ারবাস ৩৩০-৩০০।

এয়ারবাসটি স্পেনের ট্যুরেল থেকে মঞ্চালবার (২১ অক্টোবর) সকাল ৮টা ৩০ মিনিটে হ্যরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। নতুন যুক্ত হওয়া এয়রবাসটির আসনসংখ্য ৪৩৬।

আনুষ্ঠানিকভাবে নতুন সংযোজিত এয়ারক্রাফটকে গ্রহণ করেন ইউএস-বাংলা এয়ারলাইন্সের উর্ধ্বতন কর্মকর্তারা।

নতুন এই এয়ারবাসটি দিয়ে ভবিষ্যৎ পরিকল্পনার অংশ হিসেবে সৌদি আরবের জেদ্দা, রিয়াদ, মদিনা রুটে পরিচালিত হবে।

বর্তমানে ইউএস-বাংলার বহরে তিনটি এয়ারবাস ৩৩০-৩০০, ৯টি বোয়িং ৭৩৭-৮০০, ১০টি এটিআর ৭২-৬০০ সহ মোট ২৫টি এয়ারক্রাফট রয়েছে।

এয়ারক্রাফটের সংখ্যার বিচারে প্রতিষ্ঠানটি এখন দেশের সর্ববৃহৎ এয়ারলাইন্স।

ইউএস-বাংলা এয়ারলাইন্স বর্তমানে অভ্যন্তরীণ সব রুটসহ আন্তর্জাতিক রুট কলকাতা, চেন্নাই, মালে, মাস্কাট, দোহা, দুবাই, শারজাহ, আবুধাবি, জেদা, রিয়াদ, ব্যাংকক, কুয়ালালামপুর, সিঙ্গাপুর ও গুয়াংজু রুটে নিয়মিত ফ্লাইট পরিচালনা করে আসছে।